৩৪

দৈনিক ইনকিলাব

তারিখ ... 08 FEB 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৬

## শিক্ষাঙ্গন

### দশম শ্রেণীর জ্যামিতির চিত্র সমস্যা

নবম-দশম শ্রেণীর পাঠ্য জ্যামিতি বইয়ের ৩০ নং উপপাদ্য একটি গুরুত্বপর্ণ বিষয়। এ উপপাদ্যটি বিভিন্ন পরীক্ষায় আসে। কিন্তু উপপাদ্যটির প্রমাণে দু'টি চিত্র ব্যবহার করা হয়েছে। এর ১ম চিত্র দিয়ে প্রমাণ করে বলা হয়েছে, অনুরূপভাবে ২য় চিত্র দিয়েও প্রমাণ করা যায়। যেহেতু প্রশ্নে প্রমাণ করতে হয়েছে সেহেতু ১টি চিত্র দিয়ে বুঝিয়ে প্রমাণ করে দিতে পারলেই পূর্ণ নম্বর দেয়া উচিত। বাজারে প্রচলিত বিভিন্ন নোট, গাইডের অনেকটাতেই ১টি চিত্র দিয়ে প্রমাণ করা হয়েছে। ১টি অংক যেমন বিভিন্ন পদ্ধতিতে করা যায় এবং প্রচলিত গ্রহণযোগ্য যে কোন একটি পদ্ধতিতে করলেই পূর্ণ নম্বর দেয়া হয়, জ্যামিতির ক্ষেত্রেও একইভাবে, সঠিকভাবে ১টি চিত্র দিয়ে প্রমাণ করে দিতে পারলেই পূর্ণ নম্বর দেয়া উচিত।

কিন্তু অনেকে আবার বলছেন, উক্ত উপপাদ্যে ঐ দু'টি চিত্র দিয়েই দু'ভাবে প্রমাণ করে দিতে হবে তা না হলে এসএসসি ফাইনাল পরীক্ষায় পরীক্ষকগণ কোনমতেই পূর্ণ নম্বর দিবেন না এবং দেন না।

একইভাবে কোর্সের জ্যামিতি বইর উপপাদ্য ২০, ২১ (২), (২২), ৩১ (১), ৩১ (২), ৩২ (২) ও ৩৮-এও দু'টি করে চিত্র দিয়ে দু'ভাবে প্রমাণ করে সমস্যার অবতারণা করছে।

আমরা জানি, বিকল্প উত্তরদানে কোন নম্বর নেই অর্থাৎ একই প্রশ্নোত্তর দু'ভাবে দিলে কিংবা একই অংক দু'ভাবে করলে কোন বাড়তি নম্বর দেয়া হয় না; বরং মূল্যবান সময় নষ্ট হয়, জ্যামিতির ক্ষেত্রেও ১টি চিত্র দিয়ে প্রমাণ করে দেয়াতেই পূর্ণ নম্বর দেয়ার ব্যবস্থা থাকা উচিত। জানার জন্য শিক্ষার্থীরা দুই বা ততোধিক চিত্র দিয়ে প্রমাণ শিখতে পারে কিন্তু পরীক্ষায় একাধিক উপায়ে প্রমাণ করে দেয়ার যুক্তিকতা নেই।

যাই হোক, উক্ত ৩০ নংসহ অন্যান্য উপপাদ্যে ১টি চিত্র দিয়ে প্রমাণ করা হলে পূর্ণ নম্বর দেয়া হবে কি-না এবং ২টি চিত্র আঁকলে কোন বাড়তি নম্বর দেয়া হবে কি-না এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের পরীক্ষা নিয়ন্ত্রকগণ কিংবা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের জবাব এ পত্রিকার মাধ্যমে দ্রুত কামনা করছি যাতে আসন্ন এসএসসি পরীক্ষার্থীরা কিছুটা উৎকণ্ঠা মুক্ত হতে পারে।

—এস এম আলী আজম লাবু,
ব্যবস্থাপনা-৩য় বর্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়।